

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১৬৬-এ,

তারিখঃ-০৪/০৪/২০১৯ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত প্রশাসনিক কর্মকর্তাগণকে পদোন্নতি প্রদানপূর্বক জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকার স্কেলে অস্থায়ীভাবে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট পদে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম ও পদবী	পদোন্নতিপ্রাপ্ত পদ
১।	জনাব মোঃ আমিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা	সুপারিনটেনডেন্ট
২।	জনাব ফিরোজ হোসেন খান, প্রশাসনিক কর্মকর্তা	সুপারিনটেনডেন্ট
৩।	জনাব মোঃ আব্দুল কাদের, প্রশাসনিক কর্মকর্তা	সুপারিনটেনডেন্ট
৪।	জনাব মোঃ ওয়াহেদ আলী, প্রশাসনিক কর্মকর্তা	সুপারিনটেনডেন্ট
৫।	জনাব হাফিজুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা	সুপারিনটেনডেন্ট

০২। তাঁদের উক্ত পদোন্নতির ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ (কর্মচারী) নিয়োগ বিধি, ১৯৮৭ এর বিধি-৬(১) (খ) ও (২) (খ) এর নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে :

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিয়োগের তারিখ হতে ০১(এক) বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। তবে কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করতঃ শিক্ষানবিস-এর মেয়াদ ০২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন।

(খ) শিক্ষানবিসকালে তাঁর/তাঁদের কাজকর্ম ও আচরণ যদি কর্তৃপক্ষের নিকট অসন্তোষজনক বলে মনে হয় অথবা তিনি/তারা দক্ষতা অর্জন করতে পারবেন না বলে কর্তৃপক্ষ মনে করেন তবে শিক্ষানবিসকাল শেষ হবার পূর্বেই যে পদ হতে তিনি/তারা পদোন্নতি প্রাপ্ত হয়েছেন কর্তৃপক্ষ তাঁকে/তাদেরকে সে পদে প্রত্যর্পন করতে পারবেন।

০৩। এ পদোন্নতির আদেশ তাঁদের কাজে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

প্রধান বিচারপতির আদেশক্রমে,

—/—

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

E-mail: registrar_hcd@supremecourt.gov.bd

স্মারক নং-১এ-১৮/২০১৫/ ২৭৮৭ (৫) -এ,

তারিখঃ ০৪/০৪/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ উহার ১৫ কপি অত্র কোর্টের প্রশাসন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সি, জি, এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৭. সহকারী রেজিস্ট্রার(প্রশাসন), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. একান্ত সচিব টু রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. জনাব মোঃ আমিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. জনাব ফিরোজ হোসেন খান, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. জনাব মোঃ আব্দুল কাদের, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. জনাব মোঃ ওয়াহেদ আলী, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. জনাব হাফিজুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫. হিসাবরক্ষক (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

—/—
(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

E-mail: aktar.dr@supremecourt.gov.bd